**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 06-10-2025** **Desk in Charge : SDG**

**Time : 7.35 A.M.** **Compiling : Sudip B.**

**DEO : KB** **NR : Sudip Basu**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১/ প্রবল বৃষ্টি এবং ভুটান পাহাড় থেকে নেমে আসা জলে বিপর্যস্ত উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকা। অন্ততঃ ২৩ জনের মৃত্যু হয়েছে।

# গভীর শোক প্রকাশ রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীর।

২/ পরিস্থিতি খতিয়ে দেখতে আজ উত্তরবঙ্গে যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী এবং রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য।

৩/ রাজভবনে পুনরায় সক্রিয় করা হয়েছে 'শান্তি কক্ষ'।

৪/ ভোটার তালিকার বিশেষ নীবিড় সংশোধনী-SIR সংক্রান্ত কাজকর্ম খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের একটি প্রতিনিধি দল আগামী ৮ ও ৯-ই অক্টোবর রাজ্যের দুই জেলা সফর করবে।

৫/ আজ কোজাগরী লক্ষ্মী পুজো। বাংলার ঘরে ঘরে সমৃদ্ধি ও ধনসম্পদের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মীর আরাধনার আয়োজন করা হয়েছে।

*****************************************************************

নিম্নচাপ জনিত প্রবল বৃষ্টি এবং ভুটান পাহাড় থেকে নেমে আসা জলে বিপর্যস্ত উত্তরবঙ্গের বিস্তীর্ণ এলাকা। শনিবার রাত থেকে টানা বৃষ্টি ও জলের তোড়ে অন্তত ২৩ জনের মৃত্যু হয়েছে। বেসরকারি মতে মৃতের সংখ্যা আরো বেশি। সবচেয়ে ক্ষতিগ্রস্ত মিরিক মহকুমা। সেখানে প্রাণ হারিয়েছেন ১৩ জন। জলপাইগুড়িতে ৫ জনের মৃত্যু হয়েছে বলে খবর। কোথাও সেতু ভেঙে পড়েছে, কোথাও ধ্বসে ক্ষতিগ্রস্ত বাড়ি-রাস্তাঘাট। উদ্ধারকাজে নেমেছে জাতীয় এবং রাজ্যের বিপর্যয় মোকাবিলা বাহিনী, সেনা এবং স্থানীয় পুলিশ।

পাহাড় ও সমতলে প্রবল বৃষ্টির কারণে জলপাইগুড়ি সদর ব্লকের তিস্তা নদী সংলগ্ন কয়েকশো ঘরবাড়ি জলের তলায়। গৃহহীন কয়েক হাজার মানুষ। প্রশাসনের তরফে মাইকিং করে সর্তক করা হয়েছে স্থানীয়দের।

জলপাইগুড়ি থেকে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন –

( ভিসি- চন্দনা )

কোচবিহারের মাথাভাঙা দু'নম্বর ব্লকে বন্যা পরিস্থিতি ভয়াবহ আকার নিয়েছে। বড় শৌলমাড়ি, ফুলবাড়ী গ্রাম পঞ্চায়েত এলাকায় ডুডুয়া নদীর জলে খেতি এলাকায় জলমগ্ন একশোর বেশি বাড়ি। বড় শৌলমারী এবং রুইডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের দুটি নদীর মাঝে চরে আটকে পড়েছেন একশোরও বেশি পরিবার। তাদের উদ্ধার কাজ চলছে।

এদিকে আজ থেকেই উত্তরবঙ্গের বৃষ্টি কিছুটা কমবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে আলিপুরদুয়ার জেলায় দু'এক জায়গায় ভারী এবং বিক্ষিপ্তভাবে কোথায় কোথাও বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় প্রতিটি জেলাতেই আজ দমকা হাওয়া সহ বিক্ষিপ্ত ভাবে বৃষ্টির পূর্বাভাস রয়েছে বলে আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন-

( বাইট- অন্বেষা)

রাষ্ট্রপতি, উপরাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী ও মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গে প্রাণহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সোশ্যাল মিডিয়ায় বাংলায়

লেখা এক পোস্টে ক্ষতিগ্রস্তদের সহায়তার আশ্বাস দিয়েছেন। নিহতদের পরিবারবর্গের প্রতি সমবেদনা জানিয়েছেন তিনি। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ জানিয়েছেন জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর কয়েকটি দল ঘটনাস্থলে পৌঁছেছে। আরও কয়েকটি দলকে প্রস্তুত রাখা হয়েছে৷ উত্তরবঙ্গের এই পরিস্থিতিতে জাতীয় বিপর্যয় চলাকালীন যে-সমস্ত ব্যবস্থা নেওয়া হয়, কেন্দ্রীয় সরকার সে-সবরকমই সাহায্য দেওয়ার কথা ঘোষণা করেছে। দার্জিলিং-এর সাংসদ মুখ্যমন্ত্রীকে পাঠানো এক চিঠিতে এই ঘটনাকে রাজ্য বিপর্যয় বা 'স্টেট ডিজ়াস্টার' ঘোষণার আর্জি জানিয়েছেন৷

পুজো কার্নিভ্যাল শেষে পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখতে আজই উত্তরবঙ্গে যাচ্ছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। গতকাল সকাল থেকেই নবান্নের কন্ট্রোল রুম থেকে তিনি পরিস্থিতির দিকে নজর রেখেছেন। রাজ্য সরকারের তরফে ইতিমধ্যেই উত্তরবঙ্গের সাত জেলার জেলাশাসকের সঙ্গে ভার্চুয়াল বৈঠকও করা হয়েছে। পুজোর সময় কয়েক হাজার পর্যটক পাহাড়ে বেড়াতে যান। পর্যটকদের জন্য দার্জিলিং জেলা পুলিশ বিশেষ হেল্পলাইন চালু করেছে। নম্বরটি হলো- ৯১৪৭-৮৮৯০-৭৮। পর্যটকদের নিরাপদে সরিয়ে আনতে বিশেষ বাস পরিষেবার ব্যবস্থা করেছে রাজ্য পরিবহণ দফতর।

*********************

উত্তরবঙ্গে প্রবল বর্ষণে উত্তরপূর্ব সীমান্ত রেলের আলিপুরদুয়ার ডিভিশনের বেশ কিছু অংশে রেল লাইনে জল জমে যাওয়ায় এখনো পর্যন্ত  ৯ টি ট্রেন বাতিল করা হয়েছে বলে উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রের খবর।

গতকাল বেশ কিছু দূরপাল্লার এক্সপ্রেস ট্রেনকে নির্দিষ্ট রুটের পরিবর্তে বিকল্প পথে চালানো হয় এবং কিছু ট্রেনের যাত্রা সংক্ষিপ্ত করা হয় বলে NF রেল সূত্রের খবর।

*********************

দার্জিলিং-এ প্রবল বৃষ্টির কারণে ভূমিধসের ঘটনার প্রেক্ষিতে, রাজ্যপাল ড: সি ভি আনন্দ বোস রাজভবনের 'শান্তি কক্ষ' পুনরায় সক্রিয় করেছেন। ক্ষতিগ্রস্ত এলাকাগুলিতে সাহায্যের জন্য সর্বক্ষণের র‍্যাপিড অ্যাকশন সেল গঠন করা হয়েছে। সেলের দায়িত্বে

রয়েছেন বিশেষ আধিকারিক সন্দীপ সিং রাজপুত। ২৪ ঘণ্টার হেল্পলাইন নম্বরটি হলো- ০৩৩ – ২২০০১৬৪১। peaceroomrajbhavan@gmail.com এই মেল আইডি-তে মেলও করা যেতে পারে। রাজ্যপাল দার্জিলিং জেলায় ভারী বৃষ্টিপাতে সৃষ্ট ভূমিধসে নিহত ব্যক্তিদের পরিবারবর্গের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়েছেন। সকলকে শান্ত থাকার আবেদন জানিয়ে উদ্ধার ও ত্রাণকার্যে প্রশাসনকে সহযোগিতা করার আহ্বান জানিয়েছেন তিনি।

*********************

বিজেপি, উত্তরবঙ্গের বৃষ্টিতে বিপর্যস্ত এলাকাগুলিতে যোগাযোগ ব্যবস্থা দ্রুত স্বাভাবিক করার আর্জি জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সামাজিক মাধ্যমে দুর্গত মানুষদের সাহায্যে খাদ্য, জল, ওষুধ, আশ্রয়স্থল ও ত্রাণ সামগ্রী বিতরণের জন্য রাজ্যের মুক্য্য সচিবের কাছে আবেদন জানিয়েছেন।

আজ বন্যা বিধ্বস্ত উত্তরবঙ্গ সফরে যাচ্ছেন রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য। ক্ষতিগ্রস্ত এলাকাগুলি ঘুরে দেখবেন তিনি।

*********************

এদিকে, ঝাড়খন্ড ও দক্ষিণবঙ্গে লাগাতার ভারী বর্ষণ ও ব্যারাজ থেকে জল ছাড়ার কারণে দামোদরে জলস্তর বৃদ্ধি পাচ্ছে। নীচু এলাকাগুলির মানুষকে অন্যত্র সরে যাবার জন্য প্রশাসনের তরফে মাইকিং করে সতর্ক করে দেওয়া হয়েছে। দুর্গাপুর ব্যারাজ থেকে জল ছাড়ার পরিমাণ কিছুটা কমেছে। গতরাতের হিসাব অনুযায়ী সেখান থেকে ৬৬ হাজার ৫৫০ কিউসেক জল ছাড়া হচ্ছে। গতকাল দুর্গাপুর ব্যারাজ পরিদর্শন করেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী প্রদীপ মজুমদার।

*********************

প্রাকৃতিক দুর্যোগে বিপর্যস্ত উত্তরবঙ্গের মানুষের পাশে না থেকে মুখ্যমন্ত্রী কার্নিভালে উৎসবে মেতেছেন বলে বিজেপি কটাক্ষ করেছে। দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য

বলেছেন, আজ কার্নিভালের নামে আনন্দ করার সময় এটা নয়। উত্তরবঙ্গকে পিছিয়ে দেওয়া হয়েছে বলেও অভিযোগ করেন তিনি।

( বাইট- শমীক )

**********************

নির্বাচন কমিশনের প্রতিনিধি দল আগামী ৮ ও ৯ অক্টোবর রাজ্যের দুই জেলায় সফর করবে। কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী, ৮ অক্টোবর উত্তর ২৪ পরগণা এবং ৯ অক্টোবর পূর্ব মেদিনীপুরে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (SIR-2026) প্রস্তুতি ও অগ্রগতি খতিয়ে দেখবেন প্রতিনিধিরা। এই প্রতিনিধি দলের নেতৃত্বে থাকবেন ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতী। তাঁর সঙ্গে থাকবেন সীমা খান্না, ডিরেক্টর জেনারেল (আইটি) এবং কমিশনের অন্য আধিকারিকরা। দুই জেলার বৈঠকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল ও উপস্থিত থাকবেন।

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী SIR-এর অগ্রগতি ও প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা হবে।

**********************

দক্ষিণ ২৪ পরগণার কুলতলীর বৃন্দাবন খেয়া মোড়ে দুষ্কৃতীদের গুলিতে এক তৃণমূল কংগ্রেস কর্মী গুরুতর আহত হয়েছেন। সেলিম খাঁ নামে ওই ব্যক্তি নিজের চা-এর দোকানে কাজ করার সময় দুষ্কৃতীরা মোটরবাইকে করে এসে তাঁকে লক্ষ্য করে চার রাউন্ড গুলি চালায়। গুরুতর জখম অবস্থায় তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।
ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

**********************

আজ কোজাগরী লক্ষ্মী পুজো। সৌভাগ্য, সমৃদ্ধি ও ধনসম্পদের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মীর পূজার আয়োজন করা হয়েছে বাংলার ঘরে ঘরে। অনেক জায়গায় বারোয়ারি লক্ষ্মী পূজারও আয়োজন করা হয়েছে। ফুল, ফল, শাক-সবজি সহ পুজোর উপকরণ বাজারে

চড়া দাম সত্ত্বেও দেবী লক্ষীর আরাধনায় সাধ্যমত আয়োজন করা হয়েছে ঘরে ঘরে। হাওড়ার ‘লক্ষীগ্রাম’ নামে পরিচিত খালনা-তেও সাজো সাজো রব।

এদিকে তারা মায়ের আবির্ভাব তিথি উপলক্ষে দূর দূরান্ত থেকে বহু ভক্ত সমাগম হয়েছে বীরভূমের তারা পীঠে।

অন্যদিকে, লক্ষ্মী পুজো উপলক্ষ্যে কলকাতা মেট্রো আজ ( সোমবার), ব্লু লাইনে, আপ ও ডাউন লাইনে ২৭২ টির পরিবর্তে ২৩৬টি পরিষেবা দেবে। বাকি সবক'টি লাইনে অবশ্য পরিষেবা অপরিবর্তিত থাকছে।

*********************

পশ্চিম বর্ধমানের কাঁকসায় ২ নম্বর কলোনী এলাকায় পানাগড়-মোড়গ্রাম রাজ্য সড়কে গতকাল বিকেলে বাস এবং পিক আপ ভ্যানের মুখোমুখি সংঘর্ষে কমপক্ষে ৪০ জন আহত হয়েছেন। এদের মধ্যে ২ জনের অবস্থা আশঙ্কাজনক। দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থলে কাঁকসা থানার পুলিশ ও দমকলের একটি ইঞ্জিন পৌঁছে আহতদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়।

******************************************************************